আজকের কাগজ

তারিখ 15 NOV 1994
পৃষ্ঠা ৫ কলাম ২

05

# পীরগঞ্জে মাদ্রাসা অধ্যক্ষের অপসারণের দাবিতে মিছিল

রংপুরের পীরগঞ্জ থানার মাদারগঞ্জ সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষের বিরুদ্ধে বিভিন্ন প্রকার দুর্নীতি, অনিয়ম ও স্বেচ্ছাচারিতার অভিযোগে গত ৬ নভেম্বর মাদ্রাসার



ছাত্ররা আবারো এক বিক্ষোভ মিছিলসহ থানা নির্বাহী কর্মকর্তার কার্যালয় ঘেরাও করে এবং অধ্যক্ষের অপসারণ দাবি সম্বলিত এক স্মারকলিপি প্রদান করে। এ সময় প্রতিবাদী ছাত্ররা এক সভায় মিলিত হয়। এতে বক্তব্য রাখেন- মাদ্রাসা ছাত্র সংসদের জিএস রেজাউল করিম, এজিএস ইলিয়াস আলী প্রমুখ। বক্তারা মাদ্রাসার অধ্যক্ষ মাহমুদ কর্তৃক ৮০ বিঘা সম্পত্তির দীর্ঘ ১০ বছরের আয়ের হিসেব, ছাত্রদের ২০ দফা দাবি পূরণসহ অধ্যক্ষের অপসারণের জোর দাবি জানায়। পরে প্রতিবাদী ছাত্ররা মিছিল সহকারে পীরগঞ্জ প্রেসক্লাবের সামনে এক প্রতিবাদ সভা করে। এ সময় তাদের ২০ দফা দাবি পড়ে শোনানো হয় এবং তাদের স্মারকলিপি আকারে পেশকৃত দাবি মেনে নেবার জন্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আবারো অনুরোধ জানানো হয়। পীরগঞ্জ থেকে মোকসেদ আলী সরকার।